# অনলাইন সেনসরশিপ মেনে নেবেন না!

সাড়াজাগানো ওয়েবসাইট উইকিলিকসের সাম্প্রতিক প্রকাশিত বক্তব্যের দরুন সরকারি তথ্যের গোপনীয়তা ও মানুষের জানার অধিকারের বিষয়ে বিতর্ক দানা বেঁধেছে। এই বিতর্ক সঠিক তথ্য প্রকাশে মধ্যস্থতাকারীদের অধিকারের উপর দারুণ আক্রমন শানিয়েছে। ভুল করবেন না - এটা উইকিলিকেসের থেকেও অনেক বেশি গুরুত্বপূর্ণ বিষয়। উইকিলিকসের মতো সাইটকে বন্ধ করে দেওয়া মত প্রকাশের অধিকারের প্রতি এক গুরুতর আক্রমণ। আমেরিকায় প্রকাশকদের সত্য রাজনৈতিক তথ্য মুদ্রিত করার অধিকার আছে। সেখানকার ইন্টারনেট ব্যবহারকারীদের সেই তথ্য পড়ার এবং সেই বিষয়ে নিজেদের মতামত জানার অধিকারও স্বীকৃত। দুনিয়াজুড়ে এই ধারণাকে বিভিন্ন দেশের আইনের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং হিউম্যান রাইটসের ইউনিভার্সালি ডিক্লারেশন-এর আর্টিকেল ১৯-তে যুক্ত করা হয়েছে: প্রত্যেক মানুষের অভিমত ও মতামত প্রকাশের স্বাধীণতার অধিকার আছে; এই অধিকারের মধ্যে আছে হস্তক্ষেপ সহ মত পোষণ করা এবং যে কোনও মাধ্যম মারফত তথ্য ও ধারণা চাওয়া, গ্রহণ ও মতপ্রকাশের সীমাহীন স্বাধীণতা।

দুর্ভাগ্যবশত, এই মূল্যবোধগুলো সমর্থনের জেরেই কেবল শক্তিশালী হয়। যখন কোনও ব্যক্তি বা কোম্পানি তাদের বক্তব্যকে সংরক্ষিত করার জন্য মুখ ঘুরিয়ে নেন তখন আমরা হেরে যাই। জনাদেশে গঠিত সরকারের মূল কথা শিক্ষিত ভোটদাতা। বর্তমান ঘটনা প্রসঙ্গে আমরা এর সারশূন্যতাকে দেখেছি। দুনিয়ার সমস্ত সরকারি মহল আমাদের মত প্রকাশের অধিকারকে সীমিত করতে চাচ্ছে। আমেরিকায় আইনপ্রণেতারা এমন এক আইনের প্রস্তাব দিয়েছেন যা অনেক নিউজ রিপোটিং এজেন্সিকে চিন্তিত করে তুলেছে। এটা খুবই চিন্তার যে অন্যান্য দেশেও কিছুদিনের মধ্যে এমনটাই চালু হয়ে যাবে। এমন সময় এসেছে আপনার অধিকারের জন্য রুখে দাঁড়াবার। ইইএফ-তে যোগ দিন এর ইন্টারনেট সেনসরশিপের বিরুদ্ধে রুখে দাঁড়ান। আপনি এখুনি কিছু কাজের মাধ্যমে এই বিষয়ে আপনার সচেতনতা প্রমাণ করতে পারেন:

.আপনার ওয়েবসাইট ও সামাজিক নেটওয়ার্কিং ক্যাম্পেনে ইইএফ-এর সেনসরশিপ বোতাম ডাউনলোড করুন।

.আপনার সামাজিক নেটওয়ার্কিং অবতার বদলে ইইএফ-এর নো সেনসরশিপ গ্রাফিক ব্যবহার করুন।

.ইইএফ-এর টুইব্বন ক্যাম্পেনে অংশগ্রহণ করুন।

.ইইএফ-এর সদস্য হোন এবং যাতে আমরা আপনার অধিকারের জন্য লড়াই চালিয়ে যেতে পারি তার জন্য সহায়তা করুন।

ডাউনলোড করুন ''নো সেনসরশিপ'' বোতাম! সেনসরশিপের বিরুদ্ধে সরব হয়ে উঠুন।

প্রচারে অংশগ্রহণ করুন। 'নো সেনসরশিপ' বোতামকে এমন জায়গায় রাখুন যাতে তা খো যায় এবং মত প্রকাশের স্বাধীণতার পক্ষ অবলম্বন করুন।

টুইটরে>> আমাদের টুইব্বন ক্যাম্পেনে যোগ দিন এবং আপনার টুইটার অবতারের বদলে ব্যবহার করুন ইইএফ-এর ''নো সেনসরশিপ'' বোতাম।

ফেসবুক>>আপনার ফেসবুক প্রোফাইল ফোটো বদলে ইইএই-এর ''নো সেনসরশিপ'' বোতাম ব্যবহার করুন।

ব্লগ বা ওয়েবসাইট>> অবাধ মতপ্রকাশের অধিকারের সমর্থনে ব্লগ পোস্টে বা আপনার ওয়েবসাইট টেমপ্লেটে নীচের কোডটা ব্যবহার করুন।